

# জাতীয় বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী নয়, পরীক্ষার্থী তৈরি করছে: উপাচার্য

সংবাদ অনলাইন রিপোর্ট

: রোববার, ১০ আগস্ট ২০২৫



জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে শিল্প খাতের সঙ্গে কোনো সংযোগ নেই বলে মন্তব্য করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এ এস এম আমানুল্লাহ। তাঁর মতে, “এ বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী নয়, পরীক্ষার্থী তৈরি করছে।”

রোববার সকালে রাজধানীর গুলশানের একটি হোটেলে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত ‘অন্তর্বর্তীকালীন সরকারের ৩৬৫ দিন’ শীর্ষক সংলাপে তিনি এ মন্তব্য করেন।

অভিজ্ঞতার আলোকে উপাচার্য বলেন, সম্প্রতি ঢাকার এক কলেজে পরিদর্শনে গিয়ে দেখা গেছে, শিক্ষার্থীরা পরীক্ষার হলে বসে মোবাইলের মাধ্যমে এআই ব্যবহার করে পরীক্ষা দিচ্ছে। আর প্রিন্সিপাল বসে চা খাচ্ছেন।

তিনি আরও বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যক্রমে শিক্ষা ও শিল্পের সংযোগ প্রায় শূন্য। এরপরও এ নিয়ে কেউ কথা বলেন না, কারণ দেশে বড় বড় কোম্পানিতে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে পাস করা শিক্ষার্থীর প্রয়োজন আছে। কিন্তু এসব শিক্ষার্থী দক্ষ নন, তাঁদের উচ্চাকাঙ্ক্ষাও কম। এ কারণে তাঁদের সহজে নিয়ন্ত্রণ বা ম্যানিপুলেট করা যায় এবং দীর্ঘ সময় ব্যবহার করা যায়।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাপদ্ধতির দুর্বলতার উদাহরণ তুলে ধরে উপাচার্য বলেন, এখানে পদার্থ বিজ্ঞানের শিক্ষক দর্শনের কোর্সের নম্বর ইনপুট করেন। ল্যাব নেই এমন অনার্স-মাস্টার্সের কলেজেও রসায়ন, পদার্থ ও জীববিজ্ঞানের পরীক্ষায় ১০০ নম্বর দেওয়া হয়। অনেক কলেজে ল্যাব থাকলেও সেখানে কোনো কাজ হয় না।

তিনি উল্লেখ করেন, বর্তমানে এমন ভয়াবহ পরিস্থিতি চলছে যে দায়িত্বশীল শিক্ষক খুঁজে পাওয়া কঠিন। “১০ জন শিক্ষকের মধ্যে তিনটি করে গ্রুপ,”—বলেন এ এস এম আমানুল্লাহ।

সংলাপে আরও উপস্থিত ছিলেন অন্তর্বর্তী সরকারের নৌপরিবহন উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেন, বাংলাদেশ ব্যাংকের গভর্নর আহসান এইচ মনসুর, বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী, বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) সাধারণ সম্পাদক রুহিন হোসেন প্রিন্স প্রমুখ। সংলাপে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিডি'র নির্বাহী পরিচালক ফাহিমদা খাতুন।

---